আজকের কাগজ

তারিখ 18 APR 1994
পৃষ্ঠা ৮ কলাম ৬

21

## শিক্ষামন্ত্রীর সঙ্গে পলিটেকনিক শিক্ষক পরিষদের প্রতিনিধি দলের সাক্ষাৎ

গতকাল বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক পরিষদের এক প্রতিনিধি দল শিক্ষা মন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকারের সঙ্গে মন্ত্রণালয়ে তার অফিস কক্ষে সাক্ষাৎ করেন। প্রতিনিধি দল সরকারের কাছে পেশকৃত 'প্রভাষক-অধ্যাপক' প্যাটার্নের চাকরি কাঠামো প্রবর্তনসহ ১১ দফা দাবি, বিআইটি ঢাকাতে শিক্ষকদের উচ্চ শিক্ষার্থে প্রেষণাদেশ প্রভৃতি ব্যাপারে মন্ত্রীর কার্যকরী ব্যবস্থা কামনা করেন এবং পলিটেকনিক অঙ্গনের শিক্ষাক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার ব্যাপারে মতামত ব্যক্ত করেন।

শিক্ষামন্ত্রী ধৈর্য্য ও সন্তুষ্টির সঙ্গে শিক্ষকদের বক্তব্য শুনেন এবং উত্থাপিত বিষয়সমূহের ব্যাপারে আশু পদক্ষেপ গ্রহণের আশ্বাস প্রদান করেন। কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মোঃ রফিকুল হক বৈঠকে উপস্থিত ছিলেন। পরিষদের সভাপতি ও মহাসচিব যথাক্রমে আ. খ. ম. আমজাদ আলী খান ও মোস্তফা আব্দুস সামাদ-এর নেতৃত্বে সাক্ষাৎকারে উপস্থিত ছিলেন রইস উদ্দীন মোল্লা, এ কে এম জয়নুল আবেদীন, মোঃ আবদুর রব খান, এ কে এম মোজাম্মেল হক, এ এইচ এম দেলওয়ার হায়দার, মোঃ মাহবুবুল ইসলাম, মোঃ আসরাফ উদ্দিন, মোঃ মোসলেহ উদ্দিন, মোঃ আবদুল বাতেন, এ টি এম হাবিবুল্লাহ, রশিদ আল মামুন মৃধা এবং মোঃ শাহজাহান। খবর বিজ্ঞপ্তি।